

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৫, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

প্রশাসন বিভাগ

প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২১-আইন/২০২৩।—Trading Corporation of Bangladesh Order, 1972 (P.O. No. 68 of 1972) এর Article 25 এ প্রদত্ত ক্ষমতাবলে Trading Corporation of Bangladesh এর Bord of Directors, সরকারের পূর্বানুমোদনক্রমে, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের কলাম ১ এ উল্লিখিত—

(ক) ক্রমিক নং ২ এর বিপরীতে—

(অ) কলাম ২ এর এন্ড্রিতে উল্লিখিত “সচিব” শব্দটির পরিবর্তে “অতিরিক্ত পরিচালক (প্রশাসন)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) কলাম ৬ এর এন্ড্রিতে উল্লিখিত “উর্ধ্বতন কার্যনির্বাহী” শব্দগুলির পরিবর্তে “যুগ্ম পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক নং ৩ এর বিপরীতে—

(অ) কলাম ২ এর এন্ড্রিতে উল্লিখিত “প্রধান কর্মকর্তা” শব্দগুলির পরিবর্তে “অতিরিক্ত পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) কলাম ৪ এর এন্ড্রিতে উল্লিখিত “উর্ধ্বতন কার্যনির্বাহীগণের” শব্দগুলির পরিবর্তে “যুগ্ম পরিচালকগণের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২২৮৫)

মূল্য : টাকা ৪.০০

- (গ) ক্রমিক নং ৪ এর বিপরীতে কলাম ৬ এর এন্ড্রিতে উল্লিখিত “উর্ধ্বতন কার্যনির্বাহী” শব্দগুলির পরিবর্তে “যুগ্ম পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম ৬ এর এন্ড্রিতে উল্লিখিত “উর্ধ্বতন কার্যনির্বাহী” শব্দগুলির পরিবর্তে “যুগ্ম পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) ক্রমিক নং ৭ এর বিপরীতে—
- (অ) কলাম ২ এর এন্ড্রিতে উল্লিখিত “উর্ধ্বতন কার্যনির্বাহী” শব্দগুলির পরিবর্তে “যুগ্ম পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (আ) কলাম ৬ এর এন্ড্রিতে উল্লিখিত “উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী (ডেপুটি সিনিয়র একজিকিউটিভ)” শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “উপ-পরিচালক” শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (চ) ক্রমিক নং ৯ এর বিপরীতে—
- (অ) কলাম ২ এর এন্ড্রিতে উল্লিখিত “উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী (ডেপুটি সিনিয়র একজিকিউটিভ)” শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে “উপ-পরিচালক” শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং
- (আ) কলাম ৬ এর এন্ড্রিতে উল্লিখিত “সহকারী কার্যনির্বাহী” শব্দগুলির পরিবর্তে “সহকারী পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (ছ) ক্রমিক নং ১৩ এর বিপরীতে কলাম ২ এর এন্ড্রিতে উল্লিখিত “সহকারী কার্যনির্বাহী” শব্দগুলির পরিবর্তে “সহকারী পরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Trading Corporation of Bangladesh এর  
Bord of Directors এর আদেশক্রমে

ব্রিগে. জেনা. মোঃ আরিফুল হাসান  
চেয়ারম্যান, টিসিবি।